তারিখ ... 19 APR 2017
পৃষ্ঠা ৬ ... কলাম ৭ ...

দৈনিক
আমাদের সময়

# ত্রিশালে কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন আজ

এইচএম জোবায়ের হোসাইন, ত্রিশাল ● ময়মনসিংহের ত্রিশালে অবস্থিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠিত হবে আজ বুধবার। সমাবর্তনকে সামনে রেখে ইতোমধ্যেই সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।

রাষ্ট্রপতির আগমনকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ আশপাশের সব এলাকায় নিরাপত্তা বেষ্টনী গড়ে তোলা হয়েছে। এ ছাড়া প্রথম সমাবর্তনকে কেন্দ্র করে সর্বত্রই উৎসবের আমেজ লক্ষ করা গেছে। নতুন সাজে সজ্জিত করা হয়েছে ক্যাম্পাস। প্রথম সমাবর্তনের ঘোষণা আসার পর থেকেই শিক্ষার্থীদের মাঝে উৎসাহ-উদ্দীপনা ছড়িয়ে পড়ে।

বিশ্ববিদ্যালয়ের এরপর পৃষ্ঠা ৯ কলাম ৭

## ত্রিশালে কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের

(৩ এর পৃষ্ঠার পর) প্রথম সমাবর্তনে ১৩শ ৯৯ গ্র্যাজুয়েট অংশগ্রহণ করবেন এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে সর্বোচ্চ নম্বরধারী ২৯ শিক্ষার্থীকে ৩২টি স্বর্ণপদক দেওয়া হবে। সমাবর্তন অনুষ্ঠানটি হবে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন সংলগ্ন পুরনো খেলার মাঠে। ইতোমধ্যেই শেষ হয়েছে স্টেজ ও প্যান্ডেল তৈরির এবং দুটি হেলিপ্যাড নির্মাণের কাজ। কেন্দ্রীয় খেলার মাঠে হেলিপ্যাডেই রাষ্ট্রপতিকে বহনকারী হেলিকপ্টার অবতরণ করবে। বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠান বেলা আড়াইটায় শুরু হওয়ার কথা রয়েছে।

ইতোমধ্যে সমাবর্তনে অংশগ্রহণকারী গ্র্যাজুয়েটরা নির্ধারিত বুথ থেকে আমন্ত্রণপত্র এবং একাডেমিক গাউন (পোশাক) সংগ্রহ করেছেন। অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করতে গতকাল মঙ্গলবার সমাবর্তনে অংশগ্রহণকারী গ্র্যাজুয়েটদের নিয়ে সকাল ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের নতুন খেলার মাঠে মহড়া অনুষ্ঠিত হয়। আজ দুপুর ১২টা থেকে দেড়টার মধ্যে সমাবর্তন অনুষ্ঠানস্থলে প্রবেশ করতে হবে। দেড়টার পর আর কাউকে সমাবেশস্থলে প্রবেশ করতে দেওয়া হবে না বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মো. জাহিদুল কবীর বলেন, সমাবর্তন অনুষ্ঠান স্থলে মোবাইল ফোন বা কোনো ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকে ১০ বছরের মধ্যে প্রথম সমাবর্তন করতে পেরে আমি আনন্দিত; শিক্ষার্থীদের জীবনের সবচেয়ে বড় প্রাপ্তিটাই থাকে এ সমাবর্তনকে ঘিরে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............................
তারিখ............................

| | |
|---|---|
| চীফ. পরিসংখ্যান বিভাগ | |
| চীফ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর